# বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

ফেব্রিকা নিট কম্পোজিট লিমিটেড

আহমেদ প্লাজা, পুকুরপাড়, কুন্দলবাঘ, জিরাবো, আশুলিয়া ঢাকা- ১৩৪১




পরিদর্শকঃ আসাদুজ্জামান এবং নোমান সাবের খান

প্রতিবেদকঃ আসাদুজ্জামান এবং নোমান সাবের খান

পরিদর্শনের তারিখঃ জুন ১৬, ২০১৬

ACCORD
on Fire and Building Safety in Bangladesh

# সার সংক্ষেপ

স্টিকটিং বাংলাদেশ একর্ড ফাউন্ডেশন কর্তৃক কারখানাটির বৈদ্যুতিক নিরাপত্তা বিষয়ে জরিপ করা হয় । এই জরিপের উদ্দেশ্য ছিল বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত উল্লেখযোগ্য ত্রুটিসমূহ সনাক্তকরণ এবং একর্ড নির্ধারিত গ্রহণযোগ্য মান নিশ্চিত করে প্রতিকার মূলক নির্দেশনা দেয়া।

বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন সম্ভাব্য বৈদ্যুতিক ঝুঁকি নির্ধারণ এবং সুপারিশ কৃতপ্রতিকার মূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উন্নয়নের উদ্দেশ্যে গৃহীত একটি নিয়ম তান্ত্রিক পদ্ধতি। এই পরিদর্শন কেবলমাত্র বৈদ্যুতিক নিরাপত্তা সংশ্লিষ্ট প্রধান ত্রুটিসমূহ সনাক্ত করণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। খুঁটিনাটি যে সকল সমস্যা রয়েছে তা এ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত হয়নি তবে পরবর্তীতে ফলো- আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।


এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ কোন সরকারি নীতিমালার সপক্ষে অঙ্গীকার পত্র, প্রমাণ বা সনদ নয়। তাছাড়া এই প্রতিবেদনের পর্যবেক্ষণ বা সুপারিশসমূহ ব্যতীত অন্য কোন ঝুঁকি বা বিপদের আশংকা নেই, তাও নির্দেশিত নয়। কারখানার মালিকগণকে কোন বিশেষ প্রকল্পের আবশ্যিক শর্ত, শিল্প মান, অথবা স্থানীয় সরকারের নীতিমালার শর্ত পূরণের অঙ্গীকার থেকেও এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ অব্যাহতি দেয় না।

ফেব্রিকা নিট কম্পোজিট লিমিটেড কারখানাটি ৬ তলা বিশিষ্ট একটি ভবনে অবস্থিত। বর্তমানে নিচতলা, ২য়, ৩য় ও ৪র্থ তলায় প্রোডাকশন চলছে, বাকি অংশতে প্রোডাকশন নেই। কারখানা কর্তৃপক্ষের ভাষ্য অনুযায়ী এই ভবনটির নির্মাণ শুরু হয়েছিল ২০০৭ সালের প্রথম দিকে। ১৫ই নভেম্বর ২০১৫ তে কারখানা কর্তৃপক্ষ ভবনটি ভাড়া নেয় এবং প্রোডাকশন শুরু হয় ডিসেম্বর ২০১৫ তে। পরিদর্শনের সময় কারখানাটির নিয়মিত শ্রমিক সংখ্যা (একটি শিফট) ৪৯৫ জন পাওয়া গেছে।

**১. অনুসন্ধান ও পরামর্শঃ**

নীচের ছকে পরিদর্শনে সনাক্ত কৃত গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক ত্রুটির সার সংক্ষেপ রয়েছে। প্রতিটি পর্যবেক্ষণের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে।

কারাখানা কর্তৃপক্ষকে এই সংস্কার কাজের বাস্তবায়ন কার্যক্রম প্রস্তুত করতে হবে। উন্নয়নের নির্দিষ্ট সময় সীমা সহ নকশা প্রণয়ন ও বাস্তবায়নের প্রতিবন্ধকতার কারণে সময় সীমা বৃদ্ধির আবেদন একর্ডের কাছে জমা দিতে হবে।

<table>
<tr><td>অনুসন্ধান নং :</td><td>ই-১</td><td rowspan="6"></td></tr>
<tr><td>বিভাগঃ</td><td>নথি</td></tr>
<tr><td colspan="2">অনুসন্ধানঃ ইলেকট্রিক্যাল সিঙ্গেল লাইন ডায়াগ্রাম পাওয়া যায়নি।</td></tr>
<tr><td colspan="2">পরামর্শঃ দরকারি সকল তথ্য উল্লেখ করে এজ বিল্ট ইলেকট্রিক্যাল সিঙ্গেল লাইন ডায়াগ্রাম প্রস্তুত করুন এবং একর্ডে জমা দিন।</td></tr>
<tr><td colspan="2">অগ্রাধিকারঃ পি২</td></tr>
<tr><td colspan="2">ত্রুটি পূরণের সময়সীমাঃ৩ মাস</td></tr>
</table>

<table>
<tr><td>অনুসন্ধান নং :</td><td>ই-২</td><td rowspan="6"></td></tr>
<tr><td>বিভাগঃ</td><td>নথি</td></tr>
<tr><td colspan="2">অনুসন্ধানঃ ইলেকট্রিক্যাল ক্যাবলগুলোর ইনসুলেশন রেসিস্ট্যান্স টেস্ট করা হয়নি।</td></tr>
<tr><td colspan="2">পরামর্শঃ ২ বছরে কমপক্ষে একবার ইলেকট্রিক্যাল ক্যাবলগুলোর ইনসুলেশন রেসিস্ট্যান্স টেস্ট করাতে হবে এবং রেকর্ড রাখতে হবে। এই টেস্টের জন্য পুরোপুরি পাওয়ার শাট প্রয়োজন।</td></tr>
<tr><td colspan="2">অগ্রাধিকারঃ পি ২</td></tr>
<tr><td colspan="2">ত্রুটি পূরণের সময়সীমাঃ২ মাস</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩ | |
| **বিভাগঃ** | নথি | |
| **অনুসন্ধানঃ** থার্মোগ্রাফিক স্ক্যান করা হয়নি এবং এর রেকর্ড পাওয়া যায়নি। | | |
| **পরামর্শঃ** প্রতি দুই বছরে কমপক্ষে একবার সকল সকল বৈদ্যুতিক ব্যবস্থার থার্মোগ্রাফিক স্ক্যান করতে হবে এবং রেকর্ড রাখতে হবে। | | |
| **অগ্রাধিকারঃ পি১** | | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ**২ মাস | | |

| | | |
|---|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪ | |
| **বিভাগঃ** | নথি | |
| **অনুসন্ধানঃ** আর্থ পিট রেসিস্ট্যান্স রেকর্ড পাওয়া যায়নি। | | |
| **পরামর্শঃ** সকল আর্থ পিট সনাক্ত করে চিহ্নিত করুন। প্রতি দুই বছরে কমপক্ষে একবার সকল আর্থিং সিস্টেম যেকোন শুষ্ক দিনে পরীক্ষা করতে হবে। এবং রেকর্ড রাখতে হবে যাতে পরিদর্শকের জন্য তা সর্বদা প্রস্তুত থাকে। | | |
| **অগ্রাধিকারঃ পি২** | | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ**২ মাস | | |

| | | |
|---|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৫ | |
| **বিভাগঃ** | পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণ | |
| **অনুসন্ধানঃ** বৈদ্যুতিক ব্যবস্থা বা ইউটিলিটি রক্ষণাবেক্ষনের কোন রেকর্ড বা চেকলিস্ট নেই। | | |
| **পরামর্শঃ** সকল রক্ষণাবেক্ষণ কাজের রেকর্ড রাখতে হবে এবং এই কাজের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি / সেফটি অফিসার হাউজকিপিং এর সাথে সাথে এই রেকর্ড পরীক্ষা করবেন। | | |
| **অগ্রাধিকারঃ পি২** | | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | | |

| অনুসন্ধান নং : | ই-৬ | |
|---|---|---|
| **বিভাগঃ** | পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণ | |
| **অনুসন্ধানঃ** বৈদ্যুতিক যন্ত্রপাতি পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণের কোন সময়সুচী নেই। | | |
| **পরামর্শঃ** বৈদ্যুতিক যন্ত্রপাতি পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণের (প্রিভেন্টিভ, প্রোএকটিভ ও ব্রেকডাউন) সময়সুচী তৈরী করুন । | | |
| **অগ্রাধিকারঃ পি২** | | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ ২ মাস।** | | |

| অনুসন্ধান নং : | ই-৭ | |
|---|---|---|
| **বিভাগঃ** | পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণ | |
| **অনুসন্ধানঃ** বৈদ্যুতিক নিরাপত্তা প্রশিক্ষণ কার্যক্রম চালু নেই/ শুরু হয়নি। | | |
| **পরামর্শঃ** বৈদ্যুতিক কর্মী ও সকল শ্রমিকদের বৈদ্যুতিক নিরাপত্তা ও সচেতনতার জন্য প্রশিক্ষণ দিতে হবে। | | |
| **অগ্রাধিকারঃ পি২** | | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ**২ মাস | | |

| অনুসন্ধান নং : | ই-৮ | |
|---|---|---|
| **বিভাগঃ** | বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থা | |
| **অনুসন্ধানঃ** বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থা লাগানো হয়নি | | |
| **পরামর্শঃ** বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থার নকশা প্রণয়ন করুন ও স্থাপন করুন। | | |
| **অগ্রাধিকারঃ পি২** | | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ ৪ মাস।** | | |

| অনুসন্ধান নং : | ই-৯ |
| --- | --- |
| বিভাগঃ | আর্থিং ব্যবস্থা |
| **অনুসন্ধানঃ** ডিস্ট্রিবিউশন বক্স এর আর্থ কন্টিনুইটি কন্ডাক্টর সঠিক নয়। | |
| **পরামর্শঃ** বিএনবিসি ২০০৬ ভাগ ৮ অধ্যায় ২.৮ অনুযায়ী পুরো ফ্যাক্টরির আর্থ কন্টিনুইটি কন্ডাক্টর সাইজ বৃদ্ধি করুন। সাধারণত ইসিসি সংশ্লিষ্ট ফেইজ ক্যাবলের অর্ধেক হতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| অনুসন্ধান নং : | ই-১০ |
| --- | --- |
| বিভাগঃ | আর্থিং ব্যবস্থা |
| **অনুসন্ধানঃ** আর্থ পিট সনাক্ত করা যায়নি। | |
| **পরামর্শঃ** সকল আর্থ পিট সনাক্ত করে চিহ্নিত করুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২মাস | |



| অনুসন্ধান নং : | ই-১১ |
| --- | --- |
| বিভাগঃ | আর্থিং ব্যবস্থা |
| **অনুসন্ধানঃ** জেনারেটর ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় আর্থ সংযোগ নেই। | |
| **পরামর্শঃ** জেনারেটর বডি, ট্রান্সফর্মার বডি, বৈদ্যুতিক ব্যবস্থা এবং বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থার জন্য আলাদা আর্থিং সংযোগ নিশ্চিত করে চিহ্নিত করতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১২ |
| **বিভাগঃ** | আর্থিং ব্যবস্থা |
| **অনুসন্ধানঃ** হস্তচালিত মেশিন ও মোটরে আর্থ সংযোগ নেই। | |
| **পরামর্শঃ** সকল হস্তচালিত মেশিন ও মোটরে আর্থ সংযোগ দিতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৩ |
| **বিভাগঃ** | আর্থিং ব্যবস্থা |
| **অনুসন্ধানঃ** ফ্যাক্টরিতে আর্থ পিট সংখ্যা অপর্যাপ্ত। | |
| **পরামর্শঃ** বিএনবিসি অনুযায়ী সঠিক মাপের আর্থ লিড ক্যাবল ও ইলেকট্রোড সহ ফ্যাক্টরিতে আর্থ পিট সংখ্যা বাড়াতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |

| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৪ |
| **বিভাগঃ** | আর্থিং ব্যবস্থা |
| **অনুসন্ধানঃ** প্যানেল দরজার সাথে আর্থিং সংযোগ নেই। | |
| **পরামর্শঃ সকল** প্যানেল দরজার সাথে ন্যুনতম ৬ বর্গমিলিমিটার আর্থ ক্যাবল দিয়ে আর্থিং সংযোগ দিতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৫ |
| **বিভাগঃ** | তার ও তারের সাপোর্ট |

**অনুসন্ধানঃ** সার্ভিস ক্যাবল অতিরিক্ত ঝুলে রয়েছে/সাপোর্ট নেই।

**পরামর্শঃ** গ্রিড/ফ্যাক্টরি টার্মিনালে ফ্ল্যাশিং এড়াতে সার্ভিস ক্যাবলে পর্যাপ্ত সাপোর্ট দিতে হবে।

**অগ্রাধিকারঃ পি৩**

**ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস।




| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৬ |
| **বিভাগঃ** | তার ও তারের সাপোর্ট |

**অনুসন্ধানঃ** দেয়াল বা মেঝের মধ্যে দিয়ে যাওয়া তারগুলো ঢুকা ও বের হওয়ার মুখে সুরক্ষিত নয়।

**পরামর্শঃ** দেয়াল বা মেঝের মধ্যে দিয়ে যাওয়া তারগুলো ঢুকা ও বের হওয়ার মুখে সুরক্ষিত করতে হবে। কোন ছিদ্র বা ফাঁকা থাকলে অগ্নি সহনশীল দ্রব্য দিয়ে সিল করতে হবে যেন ধোঁয়া বের না হতে পারে।

**অগ্রাধিকারঃ পি২**

**ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস।



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৭ |
| **বিভাগঃ** | তার ও তারের সাপোর্ট |

**অনুসন্ধানঃ** সাপোর্ট ছাড়াই তার ঝুলে আছে। ক্যাবল টার্মিনালে টান থাকার সম্ভাবনা আছে।

**পরামর্শঃ** ক্যাবলে টান রোধ করার জন্য ক্যাবল ট্রে/ল্যাডার ব্যবহার করে সাপোর্ট দিন।

**অগ্রাধিকারঃ পি৩**

**ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস।



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৮ |
| **বিভাগঃ** | তার ও তারের সাপোর্ট |
| **অনুসন্ধানঃ**টার্মিনেশনে সার্ভিস ক্যাবলে জোড়া রয়েছে। | |
| **পরামর্শঃ**ক্যাবলে জোড়া লাগানো পরিহার করতে হবে। সম্ভব না হলে, বাট স্প্লাইসিং কিট ব্যবহার করে জোড়া দিতে হবে, তারপর বৈদ্যুতিক টেপের সাহায্যে ইনসুলেট করতে হবে। সংযোগ স্থল সাপোর্ট দিতে হবে ও সুরক্ষিত করতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ১ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-১৯ |
| **বিভাগঃ** | তার ও তারের সাপোর্ট |
| **অনুসন্ধানঃ** ফ্লেক্সিবল পিভিসি ক্যাবল ব্যবহার করে সাপোর্ট ছাড়াই ওয়্যারিং করা হয়েছে। | |
| **পরামর্শঃ** দৃঢ় পিভিসি পাইপ ব্যবহার করে ওয়্যারিং করতে হবে। তাপ উতপাদনের জায়গায় ধাতব ফ্লেক্সিবল পাইপ ব্যবহার করা যেতে পারে। তাছাড়া সব জায়গ আথেকে ফ্লেক্সিবল পিভিসি সরিয়ে ফেলতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-২০ |
| **বিভাগঃ** | ক্যাবল ডাক্ট, রেসওয়ে ও ট্রেঞ্চ |
| **অনুসন্ধানঃ** বিদ্যুৎ সরবরাহের জন্য ধাতব ক্যাবল চ্যানেল/ডাক্ট ব্যবহার করা হয়েছে। | |
| **পরামর্শঃ** অদাহ্য পদার্থ যেমন লোহা , এলুমিনিয়াম ইত্যাদি দিয়ে কাঠের ক্যাবল চ্যানেল/ডাক্ট প্রতিস্থাপন করতে হবে। ধাতব স্থাপনাটির আর্থ সংযোগ নিশ্চিত করতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-২১ |
| **বিভাগঃ** | ক্যাবল ডাক্ট, রেসওয়ে ও ট্রেঞ্চ |
| **অনুসন্ধানঃ** ক্যাবল ডাক্ট/চ্যানেল ধূলাবালিতে ভর্তি। | |
| **পরামর্শঃ** ক্যাবল ডাক্ট/চ্যানেল পরিষ্কার করুন। তলায় ছিদ্রযুক্ত প্লেট লাগিয়ে স্থায়ীভাবে সিল করুন। সংযোগ লোড অনুযায়ী সঠিক মাপের ক্যাবল ব্যবহার নিশ্চিত করুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |




| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-২২ |
| **বিভাগঃ** | ক্যাবল রেসওয়ে ও ট্রেঞ্চ |
| **অনুসন্ধানঃ** জেনারেটরের আউটপুট ক্যাবল সুরক্ষিত নয় ও সাপোর্ট নেই। | |
| **পরামর্শঃ** ওভারহেড ক্যবল ট্রে দিয়ে পাওয়ার ক্যাবল সজ্জিত করুন। চেকার্ড প্লেট সহ ক্যাবল ট্রেঞ্চ দিয়ে পাওয়ার ক্যাবল সুরক্ষিত করুন। যন্ত্রাদির চারপাশে কাজের জন্য ফাঁকা জায়গা রাখুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |




| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-২৩ |
| **বিভাগঃ** | জেনারেটর রুম |
| **অনুসন্ধানঃ** ফ্যাক্টরি ভবনের বাইরে খোলা জায়গায় স্থায়ী রুম ছাড়াই জেনারেটর রাখা হয়েছে। | |
| **পরামর্শঃ** জেনারেটরের জন্য স্থায়ী রুম আবশ্যক। বিএনবিসি নির্দেশনা অনুসরণ করুন বা জেনারেটরের চারপাশে ন্যূনতম ১.০৭ মিটার জায়গা ফাঁকা রাখুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| অনুসন্ধান নং : | ই-২৪ |
|---|---|
| **বিভাগঃ** | ব্যাটারি |
| **অনুসন্ধানঃ**ব্যাটারি টার্মিনাল মরিচাতে ভর্তি ও তা উন্মুক্ত। ব্যাটারি ইটের ভিত্তির উপরে রাখা হয়েছে। | |
| **পরামর্শঃ** ব্যাটারি টার্মিনাল পরিষ্কার করুন এবং ইনসুলেটেড রাবার ক্যাপ ব্যবহার করে ব্যাটারি টার্মিনাল ঢেকে দিন। ধাতব র‍্যাকে ব্যাটারি রাখুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ১** মাস। | |




| অনুসন্ধান নং : | ই-২৫ |
|---|---|
| **বিভাগঃ** | বয়লার ও কম্প্রেসর |
| **অনুসন্ধানঃ** ভার্টিক্যাল বয়লার সারফেসে ফ্লেক্সিবল পিভিসি ক্যাবল ব্যবহার করে ওয়্যারিং করা হয়েছে। | |
| **পরামর্শঃ** বয়লারের সাথে সংযুক্ত বা কাছাকাছি থাকা তারগুলোকে বাহ্যিক তাপ থেকে সুরক্ষিত করতে হবে। যদি একেবারেই সম্ভব না হয়, তাহলে উত্তপ্ত জায়গা থেকে ০.৯ মিটার দূরে পাওয়ার ক্যাবল রাখতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| অনুসন্ধান নং : | ই-২৬ |
|---|---|
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ইলেকট্রিক্যাল বাস বার বা এমসিসিবিতে ক্যাবল লাগ ছাড়াই ক্যাবল টার্মিনেট করা হয়েছে। | |
| **পরামর্শঃ** সঠিক মাপের ক্যাবল লাগ ব্যবহার করে ক্যাবল টার্মিনেট করতে হবে । | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| অনুসন্ধান নং : | ই-২৭ |
|---|---|
| বিভাগঃ | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেলের উপর/নীচ/পিছন খোলা। | |
| **পরামর্শঃ** ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেলের উপর/নীচ/পিছন সিল করুন এবং ক্যাবল সাপোর্টের জন্য ক্যাবল গ্ল্যান্ড ব্যবহার করুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২মাস। | |



| অনুসন্ধান নং : | ই-২৮ |
|---|---|
| বিভাগঃ | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ফেইজ বিভাজক লাগানো নেই। | |
| **পরামর্শঃ** দুই ফেইজের মাঝে রাবারের ফেইন বিভাজক লাগান। সঠিক মাপের ক্যাবল লাগ ব্যবহার করে ক্যাবল টার্মিনেট করুন ও তাপীয় সংকোচনের সাহায্যে তা ঢেকে দিন। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ ১** মাস। | |



| অনুসন্ধান নং : | ই-২৯ |
|---|---|
| বিভাগঃ | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ**পাওয়ার বাসবার/এমসিসিবি খুব কাছাকাছি লাগানো হয়েছেএবং পাওয়ার ক্যাবল বিপরীত ফেইজের বাসবারে স্পর্শ করে। | |
| **পরামর্শঃ**কোন পাওয়ার ক্যাবল যেন বাসবারে স্পর্শ না করে তা নিশ্চিত করুন। ইনসুলেটেড বাসবার ব্যবহার করুন। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ**২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩০ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** এমসিসিবি টার্মিনাল/বাসবারে একাধিক ক্যাবল তার্মিনেট করা হয়েছে। | |
| **পরামর্শঃ**ক্যাবল লাগ ব্যবহার করে সিঙ্গেল টার্মিনালে প্রতিটি ক্যাবল টার্মিনেট করতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ**২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩১ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** একাধিক এমসিবি/এমসিসিবি সংযোগে লুপ সংযোগ ব্যবহার করা হয়েছে। | |
| **পরামর্শঃ** লুপ ক্যাবল পরিহার করুন। প্রতিটি এমসিবি/এমসিসিবির জন্য সিঙ্গেল ক্যাবল ব্যবহার করুন। একাধিক টার্মিনেশন পরিহারের জন্য বাসবার ও ব্যবহার করা যাতে পারে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩২ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** প্যানেলের চারপাশে কাজের জন্য যথেষ্ট জায়গা নেই। | |
| **পরামর্শঃ** প্যানেলের সামনে কমপক্ষে ১ মিটার বা প্যানেলের সমান চওড়া ( যদি তা ১ মিটারের বেশি হয়) জায়গা ফাঁকা রাখুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ ৩ মাস।** | |




| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩৩ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** কন্ট্রোল ডিভাইস ছাড়াই নির্দেশক বাতি লাগানো হয়েছে। | |
| **পরামর্শঃ** ফিউজ বা এমসিবি জাতীয় কন্ট্রোল ডিভাইস সহ নির্দেশক বাতি লাগাতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩৪ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ক্যাবল বাসবারে সংযুক্ত নয়। | |
| **পরামর্শঃ** মূল সার্কিট ব্রেকার সহ সকল বহির্গামী সার্কিটের জন্য আলাদা সার্কিট ব্রেকার থাকতে হবে। সকল ব্রেকার বাসবারে সংযুক্ত হতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩৫ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ**প্যানেলের মধ্যে টার্মিনেশনে হটস্পট পাওয়া গেছে।থার্মোগ্রাফিক পরীক্ষার রেকর্ড ও পাওয়া যায়নি। | |
| **পরামর্শঃ**ওভারলোডিং, লুজ কানেকশন , অনিয়ন্ত্রিত লোড ইত্যাদি যা অতিরিক্ত তাপ বৃদ্ধির কারণ হতে পারে সেটা নির্ণয়ের জন্য বছরে কমপক্ষে দুইবার পরিদর্শন ও পরীক্ষা করুন এবং সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করুন। হটস্পট গুলাও ঠিক করার জন্য দ্রুত পদক্ষেপ নিন। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ**১ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩৬ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** পাওয়ার বাস বার ইনসুলেটেড নয়। | |
| **পরামর্শঃ** কোন পাওয়ার ক্যাবল যাতে খালি বাস বারে স্পর্শ না করে তা নিশ্চিত করুন। ইনসুলেটেড বাসবার ব্যবহার করুন এবং প্রতিটি ফেইজে সমতা রক্ষা করুন ও কালার কোড কম্বিনেশন মেনে চলুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩৭ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** প্রতিটি সার্কিটের জন্য আলাদা নিউট্রাল/ইসিসি নেই। | |
| **পরামর্শঃ** প্রতিটি সার্কিটের জন্য আলাদা নিউট্রাল/ইসিসির ব্যবস্থা করুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |




| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৩৮ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ওভারলোডিং এর চিহ্ন স্পষ্ট ( পোড়া দাগ/ রং পরিবর্তন) । | |
| **পরামর্শঃ** বাসবারে ওভারোলোডিং হতে পারে। লোড পরিবর্তন করুন বা বাসবারের সংখ্যা ও সাইজ বাড়ান। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| অনুসন্ধান নং : | ই-৩৯ |
|---|---|
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** সার্কিট ব্রেকার অতিরিক্ত বড় মাপের। | |
| **পরামর্শঃ** ক্যাবলের সংযোগ লোড অনুযায়ী উচ্চ রেটিং এর এমসিসিবি/এমসিবি প্রতিস্থাপন করুন। টার্মিনালে একাধিক ভিন্ন মাপের ক্যাবলের ব্যবহার রোধ করুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |




| অনুসন্ধান নং : | ই-৪০ |
|---|---|
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ**প্যানেল বোর্ডে বৈদ্যুতিক শক জনিত সিপিআর ( পুনরায় হৃদসঞ্চালন) বিষয়ক কোন নির্দেশনা নেই। | |
| **পরামর্শঃ**সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি যেমন এলটি প্যানেল, এমডিবি, এফডিবি, ডিবি, এসডিবির পাশে সিপিআর নির্দেশনা ঝুলাতে হবে যেন তা সহজে চোখে পড়ে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| অনুসন্ধান নং : | ই-৪১ |
|---|---|
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেলের আশপাশে কাজের জন্য রাবার ম্যাট নেই/অপর্যাপ্ত। | |
| **পরামর্শঃ** প্রতিটি ডিস্ট্রিবিউশন বোর্ড/ প্যানেলের ( ট্রান্সফর্মার/এলটি প্যানেল/এমডিবি/এসডিবি/অন্যান্য হস্তচালিত মেশিন) আশপাশে কাজের জন্য রাবার ম্যাট দিতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪২ |
| **বিভাগঃ** | ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল |
| **অনুসন্ধানঃ** ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল ও ক্যাবল ডাক্ট ধূলাবালিতে ভর্তি। | |
| **পরামর্শঃ** ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন রাখুন। সিল করুন ও বায়ু চলাচলের সুবিধা রাখুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৩ |
| **বিভাগঃ** | স্থাপনা |
| **অনুসন্ধানঃ** পাওয়ার সকেট কাঠের বোর্ডে লাগানো হয়েছে। | |
| **পরামর্শঃ** যেকোন বৈদ্যুতিক স্থাপনা অদাহ্য বস্তুর উপর লাগাতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৪ |
| **বিভাগঃ** | স্থাপনা |
| **অনুসন্ধানঃ** পাওয়ার ডিস্ট্রিবিউশন বোর্ডে মেকানিক্যাল গার্ড হিসেবে দাহ্য পদার্থ ব্যবহৃত হয়েছে। | |
| **পরামর্শঃ** দাহ্য বস্তুর পরিবর্তে অদাহ্য বস্তু ব্যবহার করুন। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ১ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৫ |
| **বিভাগঃ** | স্থাপনা |
| **অনুসন্ধানঃ** এমসিসিবি/এমসিবি কোন বহিরাবরণ ছাড়াই লাগানো হয়েছে। | |
| **পরামর্শঃ** সকল এমসিবি/এমসিসিবি অদাহ্য পদার্থের তৈরী বহিরাবরণের মাঝে লাগাতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৬ |
| **বিভাগঃ** | স্থাপনা |
| **অনুসন্ধানঃ**গুদামঘরের লাইটে ঢাকনা নেই। | |
| **পরামর্শঃ**গুদামঘরের লাইটে ঢাকনা দিতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি১** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৭ |
| **বিভাগঃ** | পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণ |
| **অনুসন্ধানঃ** ফ্যাক্টরিতে কোন পিপিই ও ইনসুলেটেড যন্ত্রপাতি নেই। | |
| **পরামর্শঃ** যেকোন বৈদ্যুতিক স্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে পিপিই ও ইনসুলেটেড যন্ত্রপাতি ব্যবহার করুন। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২মাস। | |

| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৮ |
| **বিভাগঃ** | স্থাপনা |
| **অনুসন্ধানঃ** গ্ল্যান্ড ছাড়াই মোটর টার্মিনাল বক্সে ক্যাবল টার্মিনেট করা হয়েছে। মোটর/পাম্প ঠিকভাবে আর্থ করা নেই ও দৃঢ়ভাবে লাগানো নেই। | |
| পরামর্শঃ ১। সকল টার্মিনেশনে ক্যাবল গ্ল্যান্ড ব্যবহার করতে হবে।<br>২। সকল মোটর/ পাম্প কয়েল ও বডির জন্য আর্থ সংযোগ নিশ্চিত করুন।<br>৩। মোটর/পাম্প একটি ভিত্তির উপরে লাগান। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |



| | |
|---|---|
| **অনুসন্ধান নং :** | ই-৪৯ |
| **বিভাগঃ** | ফ্লোর ডিস্ট্রিবিউশন বোর্ড |
| **অনুসন্ধানঃ** সার্কিট লিস্ট, ক্যাপাসিটি ও বিস্তারিত তথ্য প্রতিটি প্যানেল বোর্ডে নেই। | |
| **পরামর্শঃ** সার্কিট লিস্ট, এসএলডি প্রতিটি বৈদ্যুতিক প্যানেল বোর্ডে লাগাতে হবে। | |
| **অগ্রাধিকারঃ পি২** | |
| **ত্রুটি পূরণের সময়সীমাঃ** ২ মাস। | |

